দৈনিক ইত্তেফাক

তারিখ : 21 NOV 2017
পৃষ্ঠা ২ কলাম ৩



নিরাপত্তার দাবিতে গতকাল বুয়েট ক্যাম্পাসে শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বিক্ষোভ করেন —ফোকাস বাংলা

# চার সপ্তাহ পরও ক্লাসে ফিরেনি বুয়েট শিক্ষার্থীরা

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সার্জেন্ট জহুরুল হক হলের শিক্ষার্থীদের সঙ্গে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থীদের সংঘর্ষের ঘটনার জের ধরে ক্যাম্পাসে নিরাপত্তা জোরদারের দাবিতে আন্দোলনে যাওয়া বুয়েট শিক্ষার্থীরা প্রায় চার সপ্তাহ পরও ক্লাসে ফিরেননি। শিক্ষার্থীরা প্রশাসনকে বেঁধে দেওয়া আট দফা দাবির মধ্যে তিন দফা বাস্তবায়ন না হওয়ায় তারা ক্লাসে ফিরছেন না বলে জানা গেছে। এদিকে প্রশাসন বলছে, শিক্ষার্থীদের দাবিগুলোর অধিকাংশই পূরণ করা হয়েছে। বাকিগুলো পূরণ সময় সাপেক্ষ।

শিক্ষার্থীদের পূরণ না হওয়া তিনদফা হলো-তোরণ নির্মাণ করা, বিশ্ববিদ্যালয়ের ভেতর দিয়ে পাবলিক যানবাহন নিষিদ্ধ করা ও সংঘর্ষের ঘটনা বিজ্ঞপ্তি দিয়ে প্রচার করা। গতকাল সোমবার দুপুরেও বুয়েট ক্যাফেটেরিয়ার সামনে প্রায় তিন শতাধিক শিক্ষার্থী জড়ো হয়ে বিক্ষোভ করে। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা জানান, বিশ্ববিদ্যালয় প্রশাসনের তাদের সঙ্গে আলোচনায় বসতে চাচ্ছে না। তাই দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা ক্লাসে ফিরবেন না।